

এ, জে, এম, আব্দুল্যাহেল বাকী পরিচালক (যুগ্ম সচিব ) ১৯৬৩ সালের ১১ জুলাই বগুড়া জেলার গাবলী উপজেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা আলহাজ্ব মোঃ মোঃ হায়বত আলী ও মাতা মোছাঃ হালিমা খাতুন ।

তিনি কাগইল করুনা কান্ড হাইস্কুল, বগুড়া থেকে S.S.C., কারমাইকেল কলেজ, রংপুর থেকে H.S.C.ও শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় থেকে B.Sc. (Ag) সম্মান এবং বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর থেকে M.Sc. (Ag) পাশ করেন ।

তিনি ২৬/০১/১৯৯১ সালে প্রশাসন ক্যাডারে যোগদান করেন, টাঙ্গাইল, ফরিদপুর, মানিকগঞ্জ জেলায় ম্যাজিস্ট্রেট ও ঢাকায় মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট হিসেবে কর্মরত ছিলেন। মানিকগঞ্জ সদর উপজেলা - উপজেলা নির্বাহী অফিসার,বরিশাল জেলায় অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীন বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় পরিচালিত শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে স্কুল এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট এজেন্সী (STEP) এ উপ- প্রকল্প পরিচালক হিসেবে ৫ বৎসর কর্মরত ছিলেন, বাংলাদেশ সরকারি কর্মকমিশনে উপ-সচিব (প্রশাসন),কৃষি মন্ত্রণালয়ে সহকারী সচিব এবং বেসামরিক বিমান পরিবহন ও পানিমন্ত্রণালয়ে সিনিয়র সহকারী সচিব হিসেবে কর্মরত ছিলেন।

২০১৭ সাল থেকে ছয়টি জেলা পাবলিক লাইব্রেরি উন্নয়ন সংক্রান্ত প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে এবং ২০১৯ সাল থেকে গণগ্রন্থাগার অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব) হিসেবে কর্মরত আছেন।

এ, জে, এম, আব্দুল্যাহেল বাকী ০২ সন্তানের জনক, তাঁর স্ত্রী -কামরুন নাহার একজন গৃহিনী । নতুন কিছু জানা/শোনা ছাড়াও গান শোনা ও বই পড়ার শখ।